**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নীতি আয়োগের বৈঠকে বলেছেন যে ২০৪৭ সালের বিকশিত ভারত প্রত্যেক ভারতীয়র উচ্চাকাঙ্ক্ষা। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বৈঠকে যোগ দেন ।**

**(২) আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ব্যালট পেপার ছাপানোর কাজ আগামীকাল শেষ হবে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন–কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন ।**

**(৪) রাজ্য অনূর্ধ্ব ১১ দাবা প্রতিযোগিতার বালিকা বিভাগে চ্যাম্পিয়ান হয়েছে আরাধ্যা দাস।**

*********************************

**NITI AYOG:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ২০৪৭ সালের বিকশিত ভারত প্রত্যেক ভারতীয়র উচ্চাকাঙ্ক্ষা। প্রধানমন্ত্রী বলেন যে রাজ্যগুলি এই লক্ষ্য অর্জনে সক্রিয় ভূমিকা পালন করতে পারে কারণ তারা সরাসরি জনগণের সঙ্গে যুক্ত।

আজ নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবন সাংস্কৃতিক কেন্দ্রে নীতি আয়োগের নবম গভর্নিং কাউন্সিলের সভায় নীতি আয়োগের চেয়ারম্যান হিসেবে সভাপতিত্ব করে প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, এই দশক পরিবর্তনের, প্রযুক্তিগত ও ভূ-রাজনৈতিক এবং সুযোগের দশক।ভারতের উচিত এই সুযোগগুলো গ্রহণ করা এবং নীতিগুলি আন্তর্জাতিক বিনিয়োগের জন্য উপযোগী করা। শ্রী মোদী বলেন, দেশ সঠিক পথে এগোচ্ছে, দেশ মহামারীকে পরাজিত করেছে। তিনি বলেন, দেশবাসী উদ্দীপনা ও আত্মবিশ্বাসে ভরপুর। প্রধানমন্ত্রী বলেন, সব রাজ্যের সম্মিলিত প্রচেষ্টায় ২০৪৭ এ বিকশিত ভারতের স্বপ্ন পূরণ হতে পারে এবং বিকশিত রাজ্যগুলি বিকশিত ভারত তৈরি করবে।

এই বছরের সভার বিষয় ছিল "ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার কেন্দ্রবিন্দুতে ২০৪৭ এর বিকশিত ভারত"। বৈঠকে বিকশিত ভারতের ভিশন ডকুমেন্টের জন্য কর্মপন্থা নিয়ে আলোচনা হয়।

******************

**NITI AYOG-CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বৈঠকে যোগ দেন। মুখ্যমন্ত্রী বলেন  নীতি আয়োগের বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত দেশের যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোকে আরো শক্তিশালী করে আরো অনেক দূর এগিয়ে নিয়ে যাবে। তিনি রাজ্যের উন্নয়নের জন্য রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন বিষয় এবং পদক্ষেপ সম্পর্কে গভর্নিং কাউন্সিলকে অবহিত করেন মুখ্যমন্ত্রী।

তিনি বলেন, রাজ্য সরকার 'লক্ষ্য ২০৪৭' রূপায়ণে কাজ করছে। এই উদ্দেশ্যে ত্রিপুরা প্রধানমন্ত্রীর HIRA+ মডেলের মাধ্যমে রাজ্যকে উত্তর পূর্বাঞ্চলের প্রবেশদ্বার করে যোগাযোগ বাড়ানো সহ বেশ কিছু উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করেছে। এতে মূলধন ব্যয় বৃদ্ধি, ব্যবসা করার সহজতর পদ্ধতির পাশাপাশি জীবনযাত্রার সহজতা আনতে, ই-অফিস গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত প্রবর্তন, সরকার পরিচালিত কল্যাণমূলক প্রকল্পগুলির জন্য DBT সুবিধার্থে BMS (বেনিফিসিয়ারি ম্যানেজমেন্ট সিস্টেম) চালু করা হয়েছে।

মুখ্যমন্ত্রী আরও বলেন যে ত্রিপুরা সরকার নীতি আয়োগের নির্দেশনা অনুসারে সুশাসন বিভাগ এবং এস.আই.টি( স্টেট ইন্সটিটিউট অফ ট্রান্সফরমেশন) প্রতিষ্ঠা করেছে। তিনি বলেন, পরিকাঠামো, যোগাযোগ ও পরিবহন কেন্দ্র সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে ও সেচের আওতায় ৮০% কৃষি জমি নিয়ে আসা, সকল গুরুত্বপূর্ণ স্থানে ৪ লেন সড়ক সংযোগ প্রদান করা

মুখ্যমন্ত্রী বলেন, "পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন ক্ষেত্রে ত্রিপুরা বনজ উৎপাদনের মূল্য পাঁচগুণ বৃদ্ধি করতে চায়।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা ও দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনার মাধ্যমে শিল্পের বিকাশের দক্ষতা উন্নয়নের জন্য ১৯টি শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। এর পাশাপাশি রাজ্য সরকার মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে।

রাজ্যে জলজীবন মিশনের অধীনে ৮২% পরিবার বিশুদ্ধ পানীয় জল সরবরাহ পেয়েছেন। ৪৭১টি উদ্ভাবনী প্রকল্প দুর্গম অঞ্চলে চালু করা হয়েছে। স্বাস্থ্য ক্ষেত্রের বিষয়ে মুখ্যমন্ত্রী বলেন,

এম.বি.বি.এস আসনের সংখ্যা বর্তমানে প্রায় দ্বিগুণ হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে আগরতলা সরকারি ডেন্টাল কলেজ এবং আগরতলা সরকারি নার্সিং কলেজ স্থাপন করা হয়েছে।

শিক্ষাক্ষেত্র সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন, বোর্ড পরীক্ষায় অকৃতকার্য প্রার্থীদের জন্য 'বছর বাঁচাও' প্রকল্প চালু হয়েছে, সি.এম-সাথ স্কিম, 'সুপার-30' স্কিম 'নিপুন', 'অটল টিঙ্কারিং ল্যাবস', 'স্কুলে আইসিটি' এবং বৃত্তিমূলক শিক্ষা চালু হয়েছে স্কুলে।

বিদ্যুৎ ক্ষেত্রের জন্য ত্রিপুরা পাওয়ার ডিস্ট্রিবিউশন স্ট্রেংথেনিং অ্যান্ড জেনারেশন এফিসিয়েন্সি প্রজেক্ট' বাস্তবায়ন করা হচ্ছে, পি.এম-জনমন-এর অধীনে, রিয়াং সম্প্রদায়ের ৩৬১৮টি পরিবারের জন্য ইতিমধ্যেই বিদ্যুতায়ন করা হয়েছে এবং ব্রু সেটেলমেন্ট প্রোগ্রামের অধীনে ৪৫১২ ঘরে বিদ্যুতায়ন করা হয়েছে।

******************

**Ballot paper:**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী জানিয়েছেন এবছর পঞ্চায়েত ভোটের জন্য মোট ২৬ লক্ষ ব্যালট পেপার ছাপানো হচ্ছে। আগামীকালের মধ্যে ব্যালট পেপার ছাপানোর কাজ শেষ হবে। । তিনি জানান পঞ্চায়েত নির্বাচনে ভোট কর্মীদের প্রশিক্ষণ চলছে। আগামী ৪ঠা আগস্টের মধ্যেই সমস্ত কর্মীদের প্রশিক্ষণের কাজ শেষ করা হবে বলে তিনি জানান।

******************

**Election, Sepahijala:**

সিপাহীজলা জেলায় আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জেলার ৬টি ব্লকে চলছে ভোটকর্মীদের প্রশিক্ষণ। সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার জানিয়েছেন জেলার ১২১০টি গ্রাম পঞ্চায়েত আসনের মধ্যে ২৩৩টি আসনে নির্বাচন হবে। ৬টি পঞ্চায়েত সমিতির ৭৪টি আসনের মধ্যে নির্বাচন হবে ১৭টি আসনে। তাছাড়া জিলা পরিষদের ১৭টি আসনের মধ্যে নির্বাচন হবে ১০টি আসনে। বাকি আসন গুলিতে ১ জন করে প্রার্থী রয়েছেঞ। তাই এই আসন গুলিতে নির্বাচন হচ্ছে না। ৬ ব্লক মিলিয়ে জেলার অন্তর্গত ৫৩৭টি পোলিং স্টেশনের মধ্যে ৩২৫টি পোলিং স্টেশনে ভোটগ্রহণ করা হবে। এর মধ্যে বক্সনগর ব্লকের ৮২টি পোলিং স্টেশনের মধ্যে ৫৬ টিতে ,বিশালগড়ের ১৭৬টি পোলিং স্টেশনের মধ্যে ১১৯টি-তে, চড়িলাম ব্লকের ৭২টি পোলিং স্টেশনের মধ্যে ৮টি-তে,নলছড় ব্লকের ৯৫ টি পোলিং স্টেশনের মধ্যে ৩০টি-তে, মোহনভোগ ব্লকের ২৮টি-র সবগুলিতে ও কাঠালিয়া ব্লকের ৮৪টি-র সবগুলি পোলিং স্টেশনে ভোট হবে।

******************

**Election South:**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ জোলাইবাড়িতে পঞ্চায়েত নির্বাচনের প্রচারে অংশ নেন।

জোলাইবাড়ি ব্লকের দেবদারু পঞ্চায়েত এলাকায় বিজেপির জিলা পরিষদের প্রার্থী শম্ভু মাণিক ও পঞ্চায়েত সমিতির প্রার্থী রুমা বৈদ্য পালের সমর্থনে বাড়ি বাড়ি প্রচার করেন তিনি।

******************

**Jirania Election Campaign:**

পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আজ জিরানীয়ার রানীরগাঁও, কৃষ্ণনগর সহ বিভিন্ন এলাকায় বিজেপি পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের প্রার্থী শিবায়ন দাস বাড়ি বাড়ি ভোট প্রচার করেন। প্রচারকালে তিনি দাবি করেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন কর্মসূচি এলাকার ১০০% মানুষের কাছেই পৌঁছেছে।

******************

**Election campaign:**

পঞ্চায়েত নির্বাচনের জিলা পরিষদের বিজেপি প্রার্থী বলাই গোস্বামী আজ গান্ধীগ্রাম মধ্যপাড়ায় নন্দীপাড়া, পশ্চিমপাড়া, শর্মাপাড়ায় বাড়ি বাড়ি ভোট প্রচার করেন। প্রচারকালে শ্রী গোস্বামী, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিতে জনগণের আস্থা রয়েছে বলে উল্লেখ করেন।

******************

**Siksha Saptah:**

জাতীয় শিক্ষানীতি ২০২০'র চতুর্থ বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত শিক্ষা সপ্তাহের আজ ষষ্ঠ দিন। আজকের বিষয় ছিল মিশন লাইফের জন্য ইকো ক্লাব।

এর অধীনে বিদ্যালয় গুলিতে ইকো ক্লাব গঠনের উদ্যোগ নেওয়া পাশাপাশি এক বিশেষ বৃক্ষ রোপন কর্মসূচির আয়োজন করা হয়। রাজ্যের সব বিদ্যালয়ে এই কর্মসূচি পালন করা হয় বলে জানিয়েছেন বুনিয়াদি শিক্ষা দপ্তরের নিপুণ ত্রিপুরার দায়িত্বপ্রাপ্ত

নোডাল অফিসার অভিজিৎ সমাজপতি। তিনি আরো বলেন শিক্ষা সপ্তাহের পাশাপাশি বিদ্যালয় গুলিতে নিপুন মিশনের অধীনে তৃতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে চলা এন্ড লাইন এসেসমেন্ট সার্ভের মাধ্যমে রাজ্যের প্রায় একশ শতাংশ ছাত্র-ছাত্রী ভাষা গত এবং গাণিতিক ক্ষেত্রে দক্ষতা নির্ণিত হবে। আগামী ৩০ জুলাই এর মধ্যে জেলাস্তরে শিক্ষার্থী ভিত্তিক সার্ভের এন্ট্রির কাজ শেষ করা হবে এবং ১০ আগস্ট এর মধ্যে ছাত্র-ছাত্রীদের অবস্থান সম্পর্কে তথ্য পাওয়া যাবে।

******************

**Ek Ped Maa ke Naam:**

চলতি "শিক্ষা সপ্তাহ" উদযাপন উপলক্ষে "এক পেড় মা কি নাম" শীর্ষক অনুষ্ঠান আজ কৈলাশহরের শ্রীরামপুর সূর্যমনি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে অনুষ্ঠিত কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা। তিনি তাঁর ভাষনে বলেন, ভূ-উষ্ণায়ণ প্রতিহত করতে বনায়নের গুরুত্ব অপরিসীম। গাছের চারা রোপণ ও একে রক্ষা করতে সকলকেই যত্নশীল হতে হবে । বক্তব্য রাখেন, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায়, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক অরিন্দম সরকার প্রমুখ।

অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের হাতে গাছের চারা তুলে দেওয়া হয়। তাছাড়া বিদ্যালয় চত্বরে বিভিন্ন গাছের চারা রোপণ করা হয়।

******************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১২তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************

**CRPF Raising Day:**

আজ CRPF এর প্রতিষ্ঠা দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ এ উপলক্ষে সিআরপিএফ কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন যে সিআরপিএফ-এর অটল উৎসর্গ এবং জাতির প্রতি নিরলস সেবা সত্যিই প্রশংসনীয়। তিনি আরও বলেন, তারা সবসময় সাহস ও অঙ্গীকারের সর্বোচ্চ মানদণ্ডের পক্ষে দাঁড়িয়েছে এবং জাতিকে নিরাপদ রাখতে তাদের ভূমিকাও সর্বাগ্রে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও CRPF-এর কাজের প্রশংসা করেছেন। তিনি CRPF কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন যে সিআরপিএফ শুরু থেকেই জাতীয় সুরক্ষাকে মিশন হিসাবে নিয়েছে। তিনি আরও বলেন, বাহিনীর সাহসী সৈনিকরা জীবনের

পরোয়া না করে এই লক্ষ্য অর্জনে সর্বাত্মক শক্তি প্রয়োগ করেছেন এবং প্রতিবারই বিজয়ী হয়েছেন ।

******************

**RISING DAY – CRPF:**

আজ সাতাশে জুলাই সিআরপিএফের প্রতিষ্ঠা দিবস। ১৯৩৯ সালে আজকের দিনে সিআর পিএফ বাহিনী প্রতিষ্ঠিত হয়। এই উপলক্ষে সিআরপিএফ ১৪৯ নম্বর বাহিনীর ইকো কোম্পানির উদ্যোগে আজ গন্ডাতুইসায় সরকারি ডিগ্রী কলেজ প্রাঙ্গনে এক বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়। সিআরপিএফ জওয়ানরা গন্ডাতুইসা ডিগ্রী কলেজ প্রাঙ্গণ, ছাত্রাবাস সহ রাস্তার চারপাশে বেশ কিছু  চারাগাছ রোপণ করেন। বাহিনীর আধিকারিক মোহন লাল জাঠ এ খবর জানিয়েছেন।

******************

**Samar Addhya:**

রাজ্যে বামপন্থী আন্দোলনের নেতা ও সিপিআই এম রাজ্য কমিটির প্রাক্তন সদস্য সমর Addhya আজ বিকেলে শহরের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯বছর। গত ২৪শে জুলাই তাঁকে মস্তিষ্কে রক্তক্ষরণ জনিত সমস্যা নিয়ে হাসপাতালে ভর্তি করা হয়। মৃত্যুকালে তিনি স্ত্রী, পুত্র ও পুত্রবধূকে রেখে গেছেন। সিপিআইএম রাজ্য কমিটির পক্ষ থেকে তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

******************

**APJ Abdul Kalam:**

প্রাক্তন রাষ্ট্রপতি ও প্রখ্যাত বিজ্ঞানী ডঃ এপিজে আব্দুল কালামের আজ নবম মৃত্যুবার্ষিকী।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রাক্তন রাষ্ট্রপতি, ভারতরত্ন ডঃ এপিজে আব্দুল কালামকে তাঁর মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী শাহ বলেছেন যে ডক্টর কালামের জীবন ছিল কঠোর পরিশ্রম, সরলতা এবং সংবেদনশীলতার এক অনন্য সমন্বয়, যা দেশকে, বিশেষ করে তরুণদের অনুপ্রাণিত করেছিল।

অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল এস আব্দুল নাজির ও অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী নারা চন্দ্রবাবু নাইডু ডক্টর এপিজে আব্দুল কালামকে শ্রদ্ধা জানান।

*******************

**Amarnath Yatra:**

আরও ১৭৭১ জন তীর্থযাত্রী আজ জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস বেস ক্যাম্প ছেড়ে কাশ্মীর উপত্যকায় অমরনাথ গুহা মন্দিরের উদ্দ্যেশ্যে যাত্রা শুরু করেছে। এই দলে ১২৬৯ জন পুরুষ, ৩৯৮ জন মহিলা, ১টিশিশু, ১০৩ জন সাধু রয়েছেন।

*******************

**Rail:**

শিলচর থেকে আগরতলাগামী ট্রেনটি আজ বিকালে এক বড় ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা থেকে অল্পের জন্য রক্ষা পেয়েছে। যাত্রীবাহী ট্রেনটি যোগেন্দ্রনগর স্টেশনের কাছে আসতেই ট্রেনের এসি কামরায় আগুন লেগে যায়। তৎপরতার সঙ্গে দ্রুত আগুন নেভানো হয়। আগরতলার স্টেশন মাস্টার চন্দ্রমোহন শাহু জানিয়েছেন শর্ট সার্কিট থেকে এই আগুন লাগে । এই ঘটনায়

রেল যাত্রী বা কর্মীদের কোন ক্ষয়ক্ষতি হয়নি। ট্রেনটি যথারীতি আগরতলা এসে পৌঁছেছে বলে তিনি জানান।

******************

**Mayor - Tree plantation:**

আগরতলা পুর নিগমের ১৯নম্বর ওয়ার্ডের উদ্যোগে আজ বৃক্ষরোপনের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পুর মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ওয়ার্ডের কর্পোরেটর ভাস্বতী দেব্বর্মা সহ অন্যান্য অতিথিরা। তাছাড়া পুর নিগমের ১৪নম্বর ওয়ার্ডের অন্তর্গত রঞ্জিতনগর এস বি স্কুলে বৃক্ষরোপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখর দেব সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা । শ্রী মজুমদার রামনগর বাণীবিদ্যাপীঠ বিদ্যালয়ের বৃক্ষরোপন অনুষ্ঠানেও আজ অংশগ্রহণ করেন। শ্রী মজুমদার বলেন পরিবেশের ভারসাম্য রক্ষা করতে বৃক্ষরোপন অত্যন্ত প্রয়োজনীয়। তিনি বলেন এই উদ্যোগের লক্ষ্য হল সবুজায়ন এবং শহরের মধ্যে পরিবেশ সংরক্ষণের প্রচার করা।

******************

**CPIM protest:**

সিপিআইএম এর উদ্যোগে আজ আগরতলায় কেন্দ্রীয় সরকারের বাজেটের বিরোধিতা করে বিক্ষোভ মিছিল হয় । দলের পশ্চিম জেলা কমিটির সম্পাদক রতন দাস অভিযোগ করেন কেন্দ্রীয় সরকার যে বাজেট প্রস্তাব পেশ করেছে তা পুঁজিপতি শ্রেণীর বাজেট। এদিকে চলতি অর্থবছরের প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেটের বিরোধিতা করে আজ উদয়পুরে সিপিআইএমের ডাকে এক মিছিল

ও সভা অনুষ্ঠিত হয়। মিছিল শেষে উদয়পুর জামতলা সি পি আই এম জেলা কমিটির অফিসের সামনে আয়োজিত সভায় কেন্দ্রীয় সরকারের সমালো চনা করে বক্তব্য রাখেন প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক, রাজ্য নেতা নিতাই বিশ্বাস, উদয়পুর মহকুমা সম্পাদক দিলীপ দত্ত প্রমুখ ৷

******************

**Sports chess:**

রাজ্য অনূর্ধ্ব ১১ দাবা প্রতিযোগিতার বালিকা বিভাগে চ্যাম্পিয়ান হয়েছে আরাধ্যা দাস। আজ ধর্মনগরে আয়োজিত দাবা প্রতিযোগিতায় বালিকা বিভাগে সাতজন খেলোয়াড় অংশ নেয়। তিন রাউন্ডের খেলায় অপরাজিত চ্যাম্পিয়ান হয় মেট্রিক্স চেস একাডেমির ছাত্রী আরাধ্যা দাস। দ্বিতীয় হয়েছে আদ্রিজা সাহা। এদিকে, বালক বিভাগে ১৬ জন খেলোয়াড় অংশ নিয়েছে।

******************

**National Female Football:**

কর্ণাটকের বেলগাও -এ আয়োজিত অনূর্ধ্ব ১৯ জাতীয় জুনিয়র বালিকা ফুটবল প্রতিযোগিতায় আজ ত্রিপুরা ৬-১ গোলে পন্ডিচেরিকে পরাজিত করেছে। খেলায় শুরু থেকেই দাপট নিয়ে খেলতে শুরু করে রাজ্য দলের বালিকা ফুটবলাররা। দলের পক্ষে পুনমদিতা দেবনাথ এবং কুন্তি ওরাং দুটি করে, রিয়া জমাতিয়া এবং জয়া দেববর্মা একটি করে গোল করেন।

******************

**Football, 2nd division:**

রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত দ্বিতীয় ডিভিশন ফুটবল লীগে আজ স্কাইলারক ক্লাব বনাম মৌচাক ক্লাবের ম্যাচ ১-১ গোলে ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচে স্কাইলার্ক ক্লাবের হয়ে ম্যাচের ১০ মিনিটে  ফিলোমন রিয়াং প্রথম গোলটি করেন। খেলার ৬৫ মিনিটে মৌচাক ক্লাবের হয়ে জাকারিয়া লাল  গোল করে ম্যাচের সমতা আনেন।

******************

**Sports Cricket:**

চ্যালেঞ্জার ট্রফি ক্রিকেটের সেমিফাইনাল ম্যাচে আজ মুহুরিপুর জনকল্যাণ সমিতি ১৫৫ রানে পরাজিত করেছে জগন্নাথ পাড়া প্লে সেন্টার অ্যান্ড ইয়ুথ সোসাইটিকে। শান্তিরবাজার মহকুমা কমিটি আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র ক্রিকেটে আজ বাইখোরা স্কুল মাঠে অনুষ্ঠিত হয় প্রথম সেমি ফাইনাল ম্যাচ। জনকল্যান সমিত প্রথমে ব্যাট ক্রুতে নেমে ৪৭ দশমিক ১ ওভারে ৩৫১ রান গড়ে। দলের পক্ষে ওপেনার সাল্টু মজুমদার সবচেয়ে বেশি ৭১ রান করেন।  জবাবে খেলতে নেমে  জগন্নাথ পাড়া প্লে সেন্টার ১৯৬ রানে অল আউট হয়ে যায়।

******************

******************